

নয়াকান্দি সেতু, কিটিংচর সেতু

ও

সাতুরিয়া সেতুর

শুভ উদ্বোধন

এবং

মানিকগঞ্জ বাসস্ট্যান্ড থেকে জেলা প্রশাসকের
বাসভবন পর্যন্ত ৪-লেনে উন্নীতকরণ কাজের

ভিত্তিপথের স্থাপন

করেন

শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়



পটভূমি

রাজধানী ঢাকার সন্নিকটস্থ মানিকগঞ্জ জেলার মধ্য দিয়ে বিস্তৃত ঢাকা-আরিচা জাতীয় মহাসড়কটি দেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম প্রবেশদ্বার। হেমায়েতপুর-সিংগাইর-মানিকগঞ্জ আঞ্চলিক মহাসড়কটি ঢাকা জেলার হেমায়েতপুর থেকে মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলা হয়ে ঢাকা-আরিচা মহাসড়কের মানিকগঞ্জ বাসস্ট্যান্ড পয়েন্টে মিলিত হয়েছে। মহাসড়কটি মানিকগঞ্জের মধ্য দিয়ে ঢাকার সাথে যোগাযোগের বিকল্প সড়ক হিসেবে ব্যবহৃত হয়। এই আঞ্চলিক মহাসড়কটি নির্মিত হওয়ার ফলে জেলা শহর মানিকগঞ্জের সাথে রাজধানী ঢাকার দূরত্ব ১৩ কিলোমিটার হ্রাস পেয়েছে। কিন্তু, মহাসড়কটিতে পুরাতন, অপ্রশস্ত ও ঝুঁকিপূর্ণ বেইলী সেতু থাকায় এবং মানিকগঞ্জ বাসস্ট্যান্ড থেকে শহরের প্রবেশ মুখ অপ্রশস্ত থাকায় এলাকার জনগণ মহাসড়কটির সুবিধা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছিল। “হেমায়েতপুর-সিংগাইর-মানিকগঞ্জ সড়কে ৮টি পিসি গার্ডার সেতু ও ২টি আরসিসি বক্স কালভার্ট নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় সেতুসমূহের নির্মাণ কাজসহ মানিকগঞ্জ বাসস্ট্যান্ড থেকে শহরের প্রবেশ মুখে এক কিলোমিটার সড়ক ৪-লেনে উন্নীত হলে মহাসড়কটি ঢাকা-মানিকগঞ্জের মধ্যে যোগাযোগের বিকল্প রুট হিসেবে ব্যবহারে বিদ্যমান বাঁধা ও ঝুঁকিসমূহ হ্রাস পাবে। তাছাড়া, এর ফলে মানিকগঞ্জ শহর এলাকায় যানজটের তীব্রতাও হ্রাস পাবে।

সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক পিরিয়ডিক মেইনটেন্যান্স প্রোগ্রাম (পিএমপি) এর আওতায় মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলাধীন গোলড়া-সাটুরিয়া সড়কের ১০ম কিলোমিটার এ বিদ্যমান ঝুঁকিপূর্ণ বেইলী সেতুর স্থলে পিসি গার্ডার সেতু নির্মাণ করা হয়েছে। সেতুটি নির্মিত হওয়ার ফলে টাংগাইল জেলা ও ঢাকা জেলার ধামরাই উপজেলার সাথে মানিকগঞ্জ জেলার যোগাযোগ ব্যবস্থা আরো সহজ ও নিরাপদ হয়েছে।

সর্বোপরি জরাজীর্ণ সেতুসমূহের স্থলে নতুন সেতু নির্মাণের ফলে সেতু পারাপারজনিত দুর্ঘটনার ঝুঁকি হ্রাস পাবে এবং মানিকগঞ্জ শহরের প্রবেশ মুখ প্রশস্তকরণ কাজ সমাপ্ত হলে ঢাকা, টাংগাইলসহ দেশের দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাসমূহের সাথে মানিকগঞ্জের সড়ক যোগাযোগ ব্যয় ও সময় সাশ্রয়ী হবে। ফলে, সংশ্লিষ্ট এলাকার ব্যবসা-বাণিজ্য ও সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড আরো গতিশীল হবে।



নয়াকান্দি সেতু



কিটিংচর সেতু



সাটুরিয়া সেতু

নয়াকান্দি সেতুর তথ্য

প্রকল্পের নাম	: হেমায়েতপুর-সিংগাইর-মানিকগঞ্জ সড়কের ৮টি পিসি গার্ডার সেতু ও ২টি আরসিসি বক্স কালভার্ট নির্মাণ প্রকল্প
অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেতুর দৈর্ঘ্য	: ৪৬.৪৪২ মিটার
সেতুর প্রস্থ	: ১০.২৫ মিটার
স্প্যান সংখ্যা	: ১টি
এপ্রোচ সড়ক	: ২১৫০ মিটার
সেতুর ধরন	: কাস্ট-ইন-সিটু বোরড পাইল ফাউন্ডেশনের উপর পিসি গার্ডার সেতু
নির্মাণ ব্যয়	: টাকা ১২.৮১ কোটি

কিটিংচর সেতুর তথ্য

সেতুর দৈর্ঘ্য	: ১০২.০০ মিটার
সেতুর প্রস্থ	: ১০.২৫ মিটার
স্প্যান সংখ্যা	: ৩টি
এপ্রোচ স্লাব	: উভয় প্রান্তে ১১.৩৭৪ মিটার
সেতুর ধরন	: কাস্ট-ইন-সিটু বোরড পাইল ফাউন্ডেশনের উপর পিসি গার্ডার সেতু
নির্মাণ ব্যয়	: টাকা ৭.৮৯ কোটি

মানিকগঞ্জ বাসস্ট্যান্ড থেকে জেলা প্রশাসকের বাসভবন পর্যন্ত সড়ক ৪-লেনে উন্নীতকরণ কাজের তথ্য

চুক্তিমূল্য	: টাকা ৫.৯২ কোটি
দৈর্ঘ্য	: ১ কিলোমিটার
প্রস্তাবিত প্রস্থ	: ১৪.৬০ মিটার
প্রকল্প মেয়াদ	: ৩০ জুন ২০১৬খ্রি:

সাটুরিয়া সেতুর তথ্য

অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেতুর দৈর্ঘ্য	: ৮৭.৫৬ মিটার
সেতুর প্রস্থ	: ১০.২৫ মিটার
স্প্যান সংখ্যা	: ৩টি
সেতুর ধরন	: কাস্ট-ইন-সিটু বোরড পাইল ফাউন্ডেশনের উপর পিসি গার্ডার সেতু
নির্মাণ ব্যয়	: টাকা ৭.২৯ কোটি